

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দিনের মৃত্যুতে শিক্ষামন্ত্রীর শোক

ঢাকা, ৩০ জুলাই ২০১৭

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন রাশেদ কবিরের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

আজ এক শোকবার্তায় শিক্ষামন্ত্রী বলেন, তাঁর অকাল মৃত্যু অনাকাঙ্ক্ষিত এবং বেদনার। তাঁর মৃত্যুতে এ বিশ্ববিদ্যালয় একজন মেধাবী শিক্ষককে হারাল। শিক্ষামন্ত্রী মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, জনাব রাশেদ কবির গত শুক্রবার রাতে পাবনার সাঁথিয়ায় এক সড়ক দুর্ঘটনায় নিহত হন। তার বয়স হয়েছিল ৫৫ বছর।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯